

125

**ঢাকা বিশ্ববিদ্যালয়ের
শিক্ষক প্রহত**
(ইত্তেফাক রিপোর্ট)
শনিবার রাতে ঢাকা বিশ্ব-
বিদ্যালয়ের আন্তর্জাতিক ছাত্রা-
বাসে একজন শিক্ষক প্রহত
হইয়াছেন। জানা গিয়াছে, রাত
৮টার দিকে তিন তরুণ ছাত্রাবাসের
২০৫ নম্বর কক্ষের দরজায় ঢাকা
দেয়, এই কক্ষের বাসিন্দা আন্তর্জা-
তিক সম্পর্ক বিভাগের শিক্ষক
(৪র্থ পৃঃ দ্রঃ)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের
(৩য় পৃঃ পর)
আতাউর রহমান দরজা খুলিয়া
তরুণদের দরজায় ঢাকা মারার
কারণ জিজ্ঞাসা করিলে তাহারা
হঠাৎ উত্তেজিত হইয়া তাঁহাকে
কিলধুষি মারিতে শুরু করে।
চেয়ারের পায়া ভাঙিয়া তাঁহাকে
আঘাত করা হয়। এক পর্যায়ে
ছাত্রাবাসের লোকজন ছুটিয়া আসে
এবং তরুণদের আটক করিয়া
ওয়ার্ডেনের কক্ষে নিয়া যায়।
আতাউর রহমান জানান, ছাত্রা-
বাসের ওয়ার্ডেন ডঃ হুমায়ুন আজাদ
নামনাত্র মুচলেকায় সুই নিয়া
তরুণদের ছাড়িয়া দেন। তরুণরা
মুচলেকায় নিজেদেরকে ডেন্টাল
কলেজের ছাত্র বলিয়া দাবী করি-
নাছে তবে নিজেদের নাম প্রকাশ
করে নাই।